



জনসংযোগ কার্যালয়
জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

সাভার, ঢাকা, বাংলাদেশ
ফোন: ৭৭৯১০৪৫-৫১
ফ্যাক্স: ০২২২৪৪৯১০৫২
ওয়েবসাইট: www.juniv.edu

প্রেস বিজ্ঞপ্তি

জেইউডিও আয়োজিত জাতীয় বিতর্ক উৎসব সম্পন্ন

স্বাধীন বাংলাদেশে গণতন্ত্র, ন্যায্যতা এবং বৈষম্য দূর হয়নি বলেই ২০২৪ সালে ছাত্র-জনতা কর্তৃক গণঅভ্যুত্থান সংঘটিত হয়েছে- উপদেষ্টা শারমীন এস মুরশিদ

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, ০৫ জানুয়ারি ২০২৫

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় ডিবেট অর্গানাইজেশন (জেইউডিও) আয়োজিত জাতীয় বিতর্ক উৎসব শেষ হয়েছে। গতকাল সমাপনী দিনে সেলিম আল দীন মুক্ত মঞ্চে পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণে অর্ন্তবর্তীকালীন সরকারের সমাজকল্যাণ এবং নারী ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের উপদেষ্টা শারমীন এস মুরশিদ বলেন, আমরা চাই যুক্তির জায়গায় কঠিন সত্য উঠে আসুক। মুক্তচিন্তার চর্চা আরও প্রসারিত হোক। শারমীন এস মুরশিদ বলেন, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় থেকে নারীর স্বাধীনতার কথা অনেক জোরালোভাবে উচ্চারিত হয়েছে। সেটা এ এখনও অব্যাহত আছে। এতে আমরা গর্ববোধ করি। ২০২৪ সালের জুলাই-আগস্টে ছাত্র-জনতার আন্দোলনেও এই বিশ্ববিদ্যালয়ের জোরালো ভূমিকাকে আমরা কৃতজ্ঞ চিত্তে স্মরণ করি। উপদেষ্টা বলেন, মুক্তিযুদ্ধের সপ্তের কোনো কিছুর তুলনা হয় না। পাকিস্তান আমলে আমরা বঞ্চিত হয়েছিলাম। সাম্য ও ন্যায্যতায় বৈষম্য দূর হয়নি বলেই ৭১ সংঘটিত হয়েছিল। আবার এ কথাও সত্য যে, স্বাধীন বাংলাদেশে গণতন্ত্র, ন্যায্যতা এবং বৈষম্য দূর হয়নি বলেই ২০২৪ সালে ছাত্র-জনতা কর্তৃক গণঅভ্যুত্থান সংঘটিত হয়েছে। আমরা চাই আমাদের সমাজ মেধাতান্ত্রিক হোক। মেধার ওপর ভিত্তি করে আমাদের সমাজ গড়ে উঠুক। অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্যে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ কামরুল আহসান বলেন, গণ অভ্যুত্থান উত্তর বৈচিত্র্যের নামে বিভাজনে ব্যস্ত না থেকে ঐক্যবদ্ধ থাকতে হবে। উপাচার্য বিপ্লব যেনো সম্মুখ থাকে, সেদিকে সকলকে সচেতন থাকার আহ্বান জানান। অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে উপ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. মো. মাহফুজুর রহমান, শিক্ষার্থী কল্যাণ ও পরামর্শদান কেন্দ্রের পরিচালক অধ্যাপক জামাল উদ্দীন, ছাত্র-শিক্ষক কেন্দ্রের পরিচালক অধ্যাপক আহমেদ রেজা, ইতিহাস বিভাগের অধ্যাপক ও সংগঠনের মডারেটর অধ্যাপক ড. এ টি এম আতিকুর রহমান প্রমুখ বক্তব্য রাখেন।

বিতর্ক উৎসবে বিশ্ববিদ্যালয় পর্যায়ে বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনাল (বিইউপি), কলেজ পর্যায়ে বিএএফ শাহীন কলেজ এবং স্কুল পর্যায়ে যশোর জিলা স্কুল চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে। 'মহীরুহ এলে নতজানু হয় ঝড়ও' শীর্ষক প্রতিপাদ্য বিষয় ধারণ করে গত ৩১ ডিসেম্বর ২০২৪ তারিখে এই বিতর্ক শুরু হয়। বিতর্ক উৎসবে দেশের বিভিন্ন স্কুল, কলেজ এবং বিশ্ববিদ্যালয়ের শতাধিক টিম অংশ গ্রহণ করে। বিতর্ক উৎসবের আয়োজকের দায়িত্ব পালন করেন সংগঠনের সভাপতি তাপসী দে প্রাপ্তি।

ড. মোহাম্মদ মহিউদ্দিন
পরিচালক (ভারপ্রাপ্ত)